



Consulate General of The People's Republic of Bangladesh
34-18 Northern Boulevard, Ground Floor, Long Island City, NY 11101

Tel: 212 599 6767 Fax: 212 682 9211

Email: contact@bdcgny.org Web: www.bdcgny.org

23 June, 2015

Press Release

Bangladesh Consulate General in New York hands over sale proceeds of the Charity Fair to the Nepalese Permanent Mission in New York for the earthquake victims

The Consulate General of Bangladesh in New York handed over a cheque for an amount of US\$4,121.00 (US dollar four thousands one hundred and twenty one dollars) on 22 June, 2015 to the Permanent Mission of Nepal in New York.

Mr. Md. Shameem Ahsan, Consul General of Bangladesh along with Mrs. Pandora Chowdhury, wife of the Consul General, Dr. A.K. Abdul Momen, Ambassador and Permanent Representative of Bangladesh to UN, Officers of the Consulate and their wives handed over the cheque to H.E. Mr. Durga Prasad Bhattarai, Ambassador and Permanent Representative of Nepal to UN. Mr. Prabin Bhattarai, Head of the Nepalese Consulate was also present. The amount was generated from the sale proceeds and donations received at the Charity Fair organized by the Consulate General earlier.

The Permanent Representative of Nepal expressed his profound gratitude for the gesture while specially mentioning about the prompt dispatch of humanitarian assistance to Nepal from Bangladesh Government in the wake of the disaster. Referring to the humanitarian response under the direct supervision of the Hon'ble Prime Minister Sheikh Hasina, the Consul General said that Bangladesh was happy to be on the side of friendly country Nepal at her trying hours. Dr. A.K. Abdul Momen, Ambassador and Permanent Representative of Bangladesh to UN expressed his deep satisfaction as Bangladesh was one of the first countries to come forward with humanitarian assistance for Nepal. He added that Bangladesh opened its airports to facilitate emergency relief operations destined for Nepal.

It may be mentioned here that the Consulate General organized a Charity Fair on 31 May, 2015 at the Chancery to help the victims of the recent devastating earthquake in Nepal. Bangladesh Consulate family along with the Consulates of China and Indonesia put up stalls containing traditional attire/saree/food/handicrafts, jewellery items etc. Honorable Congresswoman Ms. Grace Meng (Democrat-New York), an influential House Member and a member of the Bangladesh Caucus, joined the inaugural segment. H.E. Mr. Mohammad Ziauddin, Bangladesh Ambassador to USA, Dr. A.K. Abdul Momen, Ambassador and Permanent Representative of Bangladesh to UN, H.E. Mr. Masud Bin Momen, Bangladesh Ambassador to Japan, Mr. Nabo Bikram Kishore Tripura, Secretary, Ministry of Chittagong Hill Tracts Affairs, Government of Bangladesh, Representative of the President of the Borough of Queens, diplomats, representatives of various social and cultural organisations and members of Bangladesh and Nepalese diaspora, among others, were present.

There was a simultaneous presentation of a cultural programme at the Charity Fair showcasing the rich culture and heritage of Bangladesh which also added color to the event. Artists from Bangladesh performed dance depicting rich culture of the ethnic minority groups while artists of local cultural organizations performed till the end of the event.

The Charity Fair drew huge crowd despite inclement weather which was reflective of the outpouring of goodwill and support.





Consulate General of The People's Republic of Bangladesh
34-18 Northern Boulevard, Ground Floor, Long Island City, NY 11101
Tel: 212 599 6767 Fax: 212 682 9211
Email: contact@bdcgny.org Web: www.bdcgny.org

২৩ জুন, ২০১৫

প্রেস বিজ্ঞপ্তি

নেপালে ভূমিকম্পে ক্ষতিগ্রস্তদের সহায়তায় নিউইয়র্কস্থ বাংলাদেশ কনস্যুলেট জেনারেল কর্তৃক আয়োজিত
চ্যারিটি মেলার অর্থ নেপালের স্থায়ী মিশনে হস্তান্তর

নিউইয়র্কস্থ বাংলাদেশ কনস্যুলেট জেনারেল জাতিসংঘে নেপালের স্থায়ী মিশনে মার্কিন ডলার ৪,১২১.০০ (মার্কিন ডলার চার হাজার একশ একশ) সমপরিমাণ এর একটি চেক হস্তান্তর করেছে। ২২ জুন, ২০১৫ নেপালের স্থায়ী প্রতিনিধি দুর্গা প্রসাদ ভট্টাচারী এর কাছে চেক প্রদানকালে কনস্যুলেট জেনারেল মোঃ শামীম আহসান, এনডিসি, সহধর্মিণী মিসেস প্যাভোরো চৌধুরী, জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশন এর রাষ্ট্রদূত ও স্থায়ী প্রতিনিধি ড. এ.কে.আব্দুল মোমেন এবং কনস্যুলেট এর অন্যান্য কর্মকর্তাবৃন্দ ও তাদের সহধর্মিণীরা উপস্থিত ছিলেন। নেপাল কনস্যুলেটের প্রধান জনাব প্রবীন ভট্টারাইও উপস্থিত ছিলেন। উল্লেখ্য নেপালে ভূমিকম্পে ক্ষতিগ্রস্তদের সাহায্যার্থে বাংলাদেশ কনস্যুলেট জেনারেল কর্তৃক ৩১ মে ২০১৫ আয়োজিত চ্যারিটি মেলায় উক্ত ফান্ড সংগৃহীত হয়।

অনাড়ম্বর অনুষ্ঠানে নেপালের স্থায়ী প্রতিনিধি ক্ষতিগ্রস্তদের সহায়তায় কনস্যুলেট এর উদ্যোগসহ বাংলাদেশ সরকার কর্তৃক ত্বরিত সহায়তা প্রেরণের জন্য কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। কনস্যুলেট জেনারেল মোঃ শামীম আহসান বিপর্যয়ের অব্যবহিত পরে মাননীয় প্রধানমন্ত্রীর সরাসরি তত্ত্বাবধানে মানবিক সাহায্য প্রদানের বিষয়টি বিশেষভাবে উল্লেখ করে বলেন যে বন্ধুপ্রতিম নেপালের দুঃসময়ে বাংলাদেশ পাশে থাকতে পেরে আনন্দিত। জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশন এর রাষ্ট্রদূত ও স্থায়ী প্রতিনিধি ড. এ.কে.আব্দুল মোমেন নেপালে দ্রুততম সময়ে মানবিক সাহায্য প্রদানে এগিয়ে আসা দেশগুলোর অন্যতম হিসেবে বাংলাদেশের ভূমিকার কথা উল্লেখ করে এক্ষেত্রে গভীর সন্তোষ প্রকাশ করেন। তিনি আরো বলেন যে বিভিন্ন দেশ থেকে পাঠানো নেপালে জরুরী ত্রানসামগ্রী পৌঁছানোর সুবিধার্থে বাংলাদেশ এর বিমানবন্দরগুলো উন্মুক্ত রাখা হয়।

নেপালে ভূমিকম্পে ক্ষতিগ্রস্তদের সাহায্যার্থে ৩১ মে ২০১৫ বাংলাদেশ কনস্যুলেট জেনারেল একটি চ্যারিটি মেলার আয়োজন করে। বিকেল ৩টা থেকে ৯টা পর্যন্ত কনস্যুলেট ভবনে অনুষ্ঠিত এই মেলায় ছিল কনস্যুলেট পরিবারের সদস্যদের পরিচালিত ঐতিহ্যবাহী পোষাক, শাড়ি, খাদ্যদ্রব্য, হস্তশিল্প ও জুয়েলারী দ্রব্যাদির স্টল। চীন ও ইন্দোনেশিয়ার কনস্যুলেটও মেলায় অংশগ্রহণ করে। প্রভাবশালী মার্কিন কংগ্রেসউইম্যান এবং "বাংলাদেশ ককাস" এর সদস্য গ্রেস মেং (Grace Meng) (ডেমোক্রেট-নিউইয়র্ক) উদ্বোধনী অনুষ্ঠানে যোগদান করেন। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত জনাব মোহাম্মদ জিয়াউদ্দিন, জাতিসংঘে বাংলাদেশ মিশন এর রাষ্ট্রদূত ও স্থায়ী প্রতিনিধি ড. এ.কে.আব্দুল মোমেন, জাপানে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত জনাব মোঃ মাসুদ বিন মোমেন, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় এর সচিব জনাব নব বিক্রম কিশোর ত্রিপুরা, কুইন্স বোরোর প্রেসিডেন্ট এর প্রতিনিধি, কূটনীতিক, বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দ ও প্রবাসী নেপালী ও বাংলাদেশীরা।

চ্যারিটি মেলায় একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। বাংলাদেশের সমৃদ্ধ ইতিহাস ও সংস্কৃতিকে তুলে ধরে গান ও নৃত্য পরিবেশন করেন বাংলাদেশ থেকে আগত ও স্থানীয় শিল্পীবৃন্দ। চ্যারিটি মেলায় প্রতিকূল আবহাওয়াকে উপেক্ষা করে মেলায় প্রচুর সংখক দর্শনার্থীর সমাগম ঘটে।



